তারিখ ....08 AUG 2015..
পৃষ্ঠা ..৭.. কলাম ..৫....

দৈনিক ইত্তেফাক

# পে-স্কেল না দিলে শিক্ষা প্রতিষ্ঠানে তালা

## শিক্ষক নেতাদের হুঁশিয়ারি

■ বরিশাল অফিস

বেসরকারি শিক্ষক-কর্মচারীদের সভায় শিক্ষক নেতৃবৃন্দ সরকারের উদ্দেশ্য হুঁশিয়ারি দিয়ে বলেছেন, বেসরকারি স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের বাইরে রেখে কোন প্রকার পে-স্কেল ঘোষণা করলে সকল শিক্ষা প্রতিষ্ঠানে তালা ঝুলিয়ে দেয়া হবে। শুক্রবার দুপুরে বরিশাল নগরীর অশ্বিনী কুমার টাউন হলে অনুষ্ঠিত সভায় শিক্ষক নেতৃবৃন্দ এ কথা বলেন।

নেতৃবৃন্দ বলেন, আগামী ১০ অক্টোবর মন্ত্রী পরিষদের বৈঠকে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের বাদ দিয়ে পে-স্কেল ঘোষণা করা হলে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে তালা ঝুলিয়ে দেয়া হবে। এরপর পে-স্কেল ও শিক্ষা জাতীয়করণের আন্দোলনে নামবেন তারা। জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের বরিশাল বিভাগীয় কমিটির আহবায়ক অধ্যাপক মহসীন-উল ইসলাম হাবুলের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরো বক্তব্য রাখেন সংগঠনের যুগ্ম আহবায়ক অধ্যক্ষ মজিবর রহমান, অধ্যাপক আমিনুল ইসলাম খসরু, মো. রেজাউল করীম, গৌরাঙ্গ চন্দ্র কুন্ডু, অধ্যক্ষ মাকসুর রহমান প্রমুখ।